বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০
www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com

বাপার্ড হোস্টেল পরিচালনা নীতিমালা

১.পটভূমিঃ

দেশের দক্ষিন পশ্চিম অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ একটি প্রশিক্ষণ একাডেমির নাম বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি যা সংক্ষেপে বাপার্ড নামে পরিচিত। দারিদ্র্য বিমোচনের কৌশল ও প্রচেষ্টার সমন্বয় এবং হাতে কলমে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির স্মরণে **বঙ্গবন্ধু** দারিদ্র্য **বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স** হিসাবে ২০০১ সনে এই প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচি কার্যকর রাখার উদ্দেশ্যকে সামনে রেখে ১৬ই নভেম্বর ২০১১ মাননীয় প্রধানমন্ত্রী "বঙ্গাবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" এর ভিত্তি প্রস্থর স্থাপন করেন। ২০১২ সালে ১৪ নম্বর আইন অনুযায়ী "বঙ্গাবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি " বাপার্ড প্রতিষ্ঠিত হয়। একাডেমি প্রতিষ্ঠার পর নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। প্রশিক্ষণার্থীদের সার্বক্ষণিক অবস্থানের জন্য বাপার্ডে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত আবাসন তথা হোস্টেলের ব্যবস্থা রয়েছে। এক্ষেত্রে হোস্টেল ব্যবস্থাপনার সার্বিক বিষয়ের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরণ ও প্রশিক্ষণ কার্যক্রমকে আরো গতিশীল ও দক্ষভাবে পরিচালনার জন্য একটি মানসম্পন্ন আধুনিক হোস্টেল পরিচালনা নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় বর্তমান হোস্টেল পরিচালনা নীতিমালাটি প্রণয়ন করা হয়।

২. হোস্টেল পরিচালনা নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও অভিজ্ঞ মানবসম্পদ সৃষ্টির অভিপ্রায়ে সরকারের দারিদ্র্য বিমোচনের উৎকর্ষ কেন্দ্র হিসাবে নিরলসভাবে কাজ করছে বাপার্ড। এখানে প্রশিক্ষণার্থীদের আবাসিক সুবিধা প্রদানের জন্য রয়েছে আধুনিক মানের সুসজ্জিত হোস্টেল। প্রশিক্ষণার্থী ও কর্মজীবিদের হোস্টেলে অবস্থানকালীন নিরাপত্তা,আবাসন ব্যবস্থা, আহার, চিত্ত-বিনোদন ও শৃঙ্খলাসহ সার্বিক বিষয়ের সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে বাপার্ড হোস্টেল পরিচালনা নীতিমালা প্রণয়ন করা হয়।

৩. নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ

একাডেমির হোস্টেল সার্বিকভাবে বাপার্ড এর মহাপরিচালক কর্তৃক মনোনীত পরিচালক প্রশিক্ষণের নিয়ন্ত্রনাধীন থাকিবে। প্রশিক্ষণার্থী ও বিধি সম্মত সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত ও অন্যান্য অনুমোদিত ব্যক্তিবর্গের আসন সংরক্ষণ ও আইন শৃঙ্খলা তত্ত্বাবধানের দায়িত্ব যুগ্ম-পরিচালক প্রশিক্ষণের নিয়ন্ত্রনে থাকিবে। কোর্স চলাকালীন সময়ে কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কারী সংশ্লিষ্ট কোর্সের দায়িত্ব পালন করবেন।

৪. অবস্থানকারীদের নিকট থেকে আদায় যোগ্য ভাড়ার হার

ক) হোস্টেল ভাড়া সংক্রান্ত :

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর ১০তলা হোস্টেল ভবনের/সিটভাড়া এবং একাডেমিক ভবনের ভেন্যু ভাড়া নিম্নবর্ণিত হারে (ভ্যাট ও আয়করসহ) নির্ধারণ করা হলো-

হোস্টেলের নাম	**ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান**	**ভাড়ার পরিমান**						
		এসি এ্যাটাচড বাথ		নন এসি এ্যাটাচড বাথ		নন এসি কমন বাথ		ভিআইপি
		প্রতি কক্ষ	প্রতি সিট	প্রতি কক্ষ	প্রতি সিট	প্রতি কক্ষ	প্রতি সিট	স্যুট
১০ তলা হোস্টেল ভবন	ক) বাপার্ডের অফিসিয়াল খ) পউস বিভাগের কর্মকর্তা গ) সরকারি ঘ) বেসরকারি ঙ) প্রবাসী বাঙালি চ) বিদেশি	ক) ২০০/- খ) ২৫০/- গ) ৬০০/- ঘ) ৯০০/- ঙ) ১০০০/- চ) ১৫০০/-	ক) ১০০/- খ) ১২৫/- গ) ৩০০/- ঘ) ৪৫০/- ঙ) ৫০০/- চ) ৭৫০/-	ক) ১৫০/- খ) ২০০/- গ) ৪০০/- ঘ) ৭০০/- ঙ) ৮০০/- চ) ১২০০/-	ক) ৭৫/- খ) ১০০/- গ)২০০/- ঘ) ৩৫০/- ঙ) ৪০০/- চ) ৬০০/-	ক) ১৪০/- খ) ১৮০/- গ) ৩০০/- ঘ) ৫০০/- ঙ) ৭০০/- চ) ১০০০/-	ক) ৭০/- খ) ৯০/- গ) ১৫০/- ঘ) ২৫০/- ঙ) ৩৫০/- চ) ৫০০/-	ক) ৫০০/- খ) ১০০০/- গ) ২০০০/- ঘ) ৪০০০/- ঙ) ৪০০০/- চ) ৫০০০/-

খ) একাডেমিক/হোস্টেল ভবনের ভেন্যু ভাড়া:

ভেন্যু	ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান	ভাড়ার পরিমাণ
		এসি ভেন্যু
অডিটরিয়াম (২৭০ আসন)	ক) সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ১০০০০/- খ) ১৫০০০/-
অনুষদ সভা কক্ষ (৬০ আসন)	ক) সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ৬০০০/- খ) ৮০০০/-
কম্পিউটার ল্যাব (৪০ আসন)	ক) সরকারি/ আধা সরকারি/স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ১০০০০/- খ) ১৫০০০/-
সেলাই ল্যাব (৩০ আসন)	ক) সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ৭০০০/- খ) ১০০০০/-
ক্যান্টিন সাধারণ (১৪০ আসন)	ক) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ১০০০০/- খ) ১৫০০০/-
ক্যান্টিন ভিআইপি (১৪০ আসন)	ক) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ১২০০০/- খ) ১৮০০০/-
শ্রেণী কক্ষ (৫০ আসন)	ক) সরকারি/ আধা সরকারি/স্বায়ত্তশাসিত খ) বে-সরকারি	ক) ৬০০০/- খ) ৮০০০/-
শ্রেণী কক্ষ (৩০ আসন)	ক) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত খ) বে- সরকারি	ক) ৫০০০/- খ) ৭০০০/-

গ) বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর পুরাতন প্রশাসনিক ভবনস্থ হোস্টেলের নিম্নবর্ণিত হারে (ভ্যাট ও আয়করসহ)ভাড়া নির্ধারণ করা হলো :

হোস্টলের নাম	ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান	ভাড়ার পরিমান			
		সাধারণ কক্ষ (এ্যাটাচড বাথ)		সাধারণ কক্ষ (কমন বাথ)	
		প্রতি কক্ষ	প্রতি সিট	প্রতি কক্ষ	প্রতি সিট
পুরাতন প্রশাসনিক ভবনের হোস্টেল	ক) বাপার্ডের অফিসিয়াল খ) পউস বিভাগের কর্মকর্তা গ) সরকারি ঘ) বেসরকারি	ক) ১২০/- খ) ১৮০/- গ) ৪০০/- ঘ) ৫০০/-	ক) ৬০/- খ) ৯০/- গ) ২০০/- ঘ) ২৫০/-	ক) ১০০/- খ) ১৫০/- গ) ৩০০/- ঘ) ৪০০/-	ক) ৫০/- খ) ৭৫/- গ) ১৫০/- ঘ) ২০০/-

শর্তাবলীঃ

১। ভাড়ার হার ১মার্চ, ২০২১খ্রি: তারিখ হতে কার্যকর হবে। সরকারি প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কোর্সের জন্য ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ভাড়া আদায়যোগ্য হবে। বেসরকারি সংস্থা/এনজিওদের প্রশিক্ষণ/কর্মশালা ইত্যাদির ক্ষেত্রে সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

২। প্রশিক্ষণের মেয়াদ ০৩ (তিন) দিনের উর্ধ্বে হলে প্রযোজ্য ক্ষেত্রে ২,০০০/-টাকা সার্ভিস চার্জ আদায়যোগ্য হবে।

৩। বাপার্ড-এর অফিসারদের ক্ষেত্রে হোস্টেলে অবস্থানের জন্য মাসিক হিসেবে ভাড়া আদায়যোগ্য হবে।

৪। হোস্টেলে অবস্থানের ক্ষেত্রে প্রশিক্ষণ/কর্মশালা ইত্যাদিতে আগতদের আয়োজক সংস্থা কর্তৃক নামের তালিকা সম্বলিত পত্র প্রদর্শন করে হোস্টেলে চেক ইন করতে হবে।

৫। দাপ্তরিক কাজে আগত সরকারি অফিসিয়ালদের দাপ্তরিক চিঠি/ভিজিটিং কার্ড প্রদর্শন পূর্বক চেক ইন করতে হবে।

৬। বেসরকারি সংস্থা/ব্যক্তিদের ক্ষেত্রে দাপ্তরিক পত্রসহ এনআইডি প্রদর্শন করে চেক ইন করতে হবে।

৭। বিদেশীদের ক্ষেত্রে পাসপোটের ফটোকপি, সরকারি অনুমতিপত্র, স্থানীয় প্রশাসন ও থানার ক্লিয়ারেন্সসহ প্রয়োজনীয় ডকুমেন্টস দাখিল করতে হবে।

৫. ক্যাফেটেরিয়ার সুযোগ-সুবিধা

হোস্টেলের অভ্যন্তরে একটি ক্যাফেটেরিয়া রয়েছে। উক্ত ক্যাফেটেরিয়ায় প্রশিক্ষণার্থীগন তাদের বরাদ্দ অনুযায়ী এবং অন্যান্য অবস্থানকারীগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্য তালিকা অনুযায়ী মূল্য পরিশোধ করিয়া ক্যাফেটেরিয়ার সুযোগ-সুবিধা গ্রহণ করিবেন। অবস্থানকারীগণ আবাস স্থলে/রুমে রান্নার কাজ করতে পারবেন না।

৬. চিত্তবিনোদন সম্পর্কিত সুযোগ-সুবিধা

অবস্থানকারীগণ হোস্টেলের অভ্যন্তরে অবস্থিত শুধুমাত্র চিত্তবিনোদন কক্ষে টেলিভিশন দেখিতে এবং ইনডোর গেইমস (অর্থাৎ কেরাম, টেবিল টেনিস, দাবা ইত্যাদি) খেলতে পারবে। রাত ১১:০০ ঘটিকার পরে কোন ধরনের খেলাধুলার সুযোগ থাকিবে না।

৭. খেলাধুলা

অবস্থানকারীগণ ক্রমিক নং ৯ এ বর্ণিত চিত্তবিনোদন সুবিধা গ্রহণ, ইনডোর খেলাধুলা ছাড়াও প্রশিক্ষণার্থীদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত জায়গায় ভলিবল ও ব্যাডমিন্টন খেলতে পারবে। খেলাধুলার সামগ্রী প্রশিক্ষক, ক্রীড়া অথবা হোস্টেল সুপার এর নিকট থেকে পাওয়া যাবে।

৮. নিয়মানুবর্তিতা

(ক) প্রশিক্ষণার্থী হোস্টেলে অবস্থানকারীগণ কর্তৃপক্ষ ও পরস্পরের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখিবে এবং কর্তৃপক্ষের আদেশ/নির্দেশ মানিয়া চলিবে;
(খ) হোস্টেলের আগমনের পরপরই নাম এন্ট্রি পূর্বক চেক ইন হতে হবে;
(গ) চাবি নিজ হেফাজতে রাখতে হবে। চাবি হারানো গেলে প্রতি চাবির জন্য ৩০০/-(তিনশত) টাকা ক্ষতিপূরণ দিতে হবে। এছাড়া কক্ষে রক্ষিত একাডেমির মালামাল হারানো গেলে বা ক্ষয় ক্ষতি হলে তার মূল্য পরিশোধ করতে হবে;
(ঘ) মূল্যবান দ্রব্যাদি অর্থাৎ টাকা, গহনা বা বৈধ কোন মূল্যবান দ্রব্য ইত্যাদি জিনিসপত্র হোস্টেল সুপারের কাছে জমা রাখা যাবে। হোস্টেল কক্ষ হতে কোন দ্রব্য সামগ্রী চুরি বা হারানো গেলে হোস্টেল কর্তৃপক্ষ দায়ী থাকবে না;
(ঙ) হোস্টেল দ্রব্যাদি অর্থাৎ সরকারি সম্পদ যত্নের সাথে ব্যবহার করতে হবে;
(চ) নির্দিষ্ট স্থান ব্যতিরেকে যেখানে সেখানে থুথু ফেলা যাবে না বা টেবিল ক্লথ, দেয়ালে বা দরজায় লিখা যাবে না;
(ছ) রাজনৈতিক তর্ক-বিতর্ক, রেডিও, ক্যাসেট রেকর্ডার বাজানো, গান গাওয়া এবং উচ্চ স্বরে কথাবার্তা বলা থেকে বিরত থাকতে হবে;
(জ) অবস্থানকারী অন্য কারো যাতে কোন প্রকার অসুবিধা না হয় সেদিকে বিশেষ নজর রাখতে হবে;
(ঝ) কোন সংক্রামক রোগ নিয়ে হোস্টেলে অবস্থান করা যাবে না;

(ঞ) অবস্থানকারীগণ হোস্টেল কর্তৃপক্ষ প্রদত্ত দ্রব্য সামগ্রী যথাযথভাবে সংরক্ষণ করিবে। হোস্টেল কর্তৃপক্ষের অনুমতি ছাড়া সিট/রুম পরিবর্তন করা যাইবে না এবং হোস্টেল কর্তৃপক্ষ প্রদত্ত দ্রব্য সামগ্রী বাহিরে নেওয়া যাইবে না;

(ট) কোন পোষা পশু-পক্ষী হোস্টেলে লালন-পালন করা যাইবে না। পচনশীল বা পরিবেশকে দূষিত করিতে পারে এরুপ কোন দ্রব্য, বে-আইনী ও অবৈধ কোন জিনিস অথবা মাদক জাতীয় কোন কিছুই হোস্টেলে আনা বা রুমে রাখা যাইবে না। কেউ বে-আইনী/অবৈধ জিনিস বা মাদক জাতীয় দ্রব্য হোস্টেলে আনিলে বা রাখিলে হোস্টেল কর্তৃপক্ষ তাহার/তাহাদিগকে পুলিশের নিকট সোপর্দসহ তাহার/তাহাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঠ) অবস্থানকারীগণ রাত ১১:০০ ঘটিকার পর হোস্টেল থেকে বাহির হইতে বা হোস্টেলে ঢুকিতে পারিবে না। তবে বিশেষ পরিস্থিতিতে হোস্টেল কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে। রাত ১২:০০ ঘটিকার পর রুমে বাতি জ্বালাইয়া রাখা যাইবে না বা অন্যের অসুবিধা হয় এমন কোন আচরণ করিতে পারিবে না;

(ড) অবস্থানকারী কর্তৃক কোন বহিরাগত ব্যক্তিকে তাহার রুমে বা সিটে রাখিতে পারিবে না বা রাতে সিটে ডাবলিং করা যাইবে না। যদি কোন বহিরাগতকে কাহার ও সিটে/রুমে পাওয়া যায় বা যদি কোন প্রশিক্ষণার্থীকে ভর্তি বর্হিভূতভাবে অন্যের সিটে/রুমে অবস্থান করিতে দেখা যায় তাহা হইলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে সিট/রুম বরাদ্দ বাতিল করিতে পারিবে এবং অবৈধ অবস্থানের বিরুদ্ধে হোস্টেল কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এ ব্যাপারে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না;

(ঢ) কোন প্রশিক্ষণার্থী/অতিথি কর্মকর্তা তার নিকট আত্নীয় বা মেহমানকে সাময়িকভাবে হোস্টেলে রাখিতে চাহিলে কর্তৃপক্ষের পূর্বানুমতি লইতে হইবে। এ ক্ষেত্রে ভাড়ার হার দ্বিগুন হইবে এবং অবস্থানের সময়সীমা ৩ (তিন) দিনের বেশি হইবে না;

(ণ) অবস্থানকারীগন কোন মহিলা মেহমান বা আত্নীয় তাহাদের রুমে নিতে বা রাখিতে পারিবে না। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে চিত্তবিনোদন কক্ষে সাক্ষাৎ করিতে পারিবে;

(ত) কোনভাবেই হোস্টেলের আবাসিক পরিবেশ নষ্ট করা যাইবে না। যদি এ ধরণের পরিস্থিতি সৃষ্ট করিয়া হোস্টেল কর্তৃপক্ষকে বিব্রতকর পরিস্থিতে ফেলিবার চেষ্টা করা হয় তাহা হইলে কর্তৃপক্ষ আইন শৃংখলা রক্ষাকারী সংস্থার সাহায্য নিতে পারিবে;

(থ) হোস্টেলে অবস্থানকালীন সময়ে কোন প্রশিক্ষণার্থী/বাপার্ড কর্মকর্তা অসামাজিক কার্যকলাপ বা রাষ্ট্রদ্রোহিতা/ফৌজদারী অভিযোগে বা অন্য কারণে গ্রেফতার হইলে বা অভিযোগের ভিত্তিতে পুলিশ গ্রেফতার

করিতে আসিলে সে ক্ষেত্রে হোস্টেল কর্তৃপক্ষের কোন দায় দায়িত্ব থাকিবে না। হোস্টেল কর্তৃপক্ষ প্রচলিত আইন অনুযায়ী আইন প্রয়োগকারী সংস্থাকে সহায়তা করিবে;

(দ) হোস্টেলে অবস্থানকালে কোন অবস্থানকারী হোস্টেলের মধ্যে কোন প্রকার দলাদলি কিংবা রাজনৈতিক প্রচার/প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;

(ধ) (ক) (ট)-এর বর্ণিত নির্দেশ অমান্যকারীর সিট/রুম বরাদ্দ বাতিল করা হইবে। সেই সাথে তাহার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিলে এ ব্যাপারে কোন অভিযোগ উত্থাপন করা যাইবে না;

(ন) যে কোন অভিযোগ সরাসরি হোস্টেল সুপারকে জানাতে হবে;

(প) জরুরী প্রয়োজনে +৮৮০১৭১৪-৭০৮৭৬৬ (পুরুষের ক্ষেত্রে),+৮৮০১৯৯১-৯২৮৩৭১ (মহিলাদের ক্ষেত্রে) মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারবেন;

(ফ) হোস্টেল ত্যাগ করার পূর্বে কক্ষের চাবি কর্মরত হোস্টেল সুপার/সহকারী হোস্টেল সুপারকে বুঝিয়ে দিয়ে চেক আউট হতে হবে।

৯। হোস্টেলের পাওনা পরিশোধঃ

(ক) হোস্টেলে অবস্থানকারী/প্রশিক্ষণার্থী অতিথি কর্মকর্তাকে হোস্টেল ত্যাগের পূর্বে হোস্টেলের যাবতীয় পাওনা পরিশোধ করিতে হইবে;

(খ) কেন্টিনে খাওয়া বাবত বকেয়া থাকিলে তা হোস্টেল ত্যাগের পূর্বে পরিশোধ করিতে হইবে;

(গ) হোস্টেলের কোন সম্পদ নষ্ট করিলে বা হারাইলে নির্ধারিত/বাজারদরের হারে ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে;

(ঘ) কোন প্রশিক্ষণার্থী/অতিথি কর্মকর্তা হোস্টেলের পাওনা পরিশোধ না করিয়া গোপনে হোস্টেল ত্যাগের করিলে সিট/রুম ভাড়া বা ক্ষতিপূরণ বাবত সরকারি পাওনা আদায়ের জন্য কর্তৃপক্ষ সংশ্লিষ্টদের বাপার্ড কর্মকর্তাগণের সহযোগীতায় পাওনাদী আদায়ের ব্যবস্থা করিবেন;

(ঙ) গোপনে হোস্টেল ত্যাগকারীর সিট/রুম ভাড়া ততদিন চলিতে থাকিবে যে পর্যন্ত তিনি সিট/রুম ভাড়া অগ্রীম পরিশোধ করিয়াছেন, তৎপরবর্তী দিন থেকে তার সিট/রুম বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে;

(চ) অবস্থানকারী প্রশিক্ষণার্থী/অতিথি কর্মকর্তা যদি সরকারি মালামাল সঠিকভাবে কর্তৃপক্ষের নিকট ফেরত/জমা দিতে ব্যর্থ হয় সেক্ষেত্রে বাজারদর হিসাবে ক্ষতিপুরণ আদায় করা হইবে।

১০. হেস্টেল সম্পদ ক্ষয়-ক্ষতি পূরণ সংক্রান্ত

হোস্টেলে অবস্থানকারী প্রশিক্ষণার্থী/ অন্যান্য ব্যক্তিবর্গ কর্তৃক হোস্টেলের স্থাবর/অস্থাবর সম্পত্তি (যথা-দরজা-জানালা,মেট্রোস,কম্বল,বালিশ,বালিশের আবরণ, লেপ ও লেপের আবরণ , তোষক, বিছানার চাদর ইত্যাদি) কোন রকম ক্ষতি সাধন করলে সংশ্লিষ্ট ব্যক্তিকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যে উক্ত ক্ষতি-পূরণ পরিশোধ করতে হবে।

১১. অভিযোগ

অবস্থানকারী প্রশিক্ষণার্থীবৃন্দ তাদের অভিযোগ হোস্টেল কাউন্টারে রক্ষিত অভিযোগ রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন। প্রয়োজনবোধে হোস্টেল সুপার অথবা সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এর নিকট ব্যক্তিগতভাবে অভিযোগ উপস্থাপন করিবেন। যে কোন অভিযোগ করার পর হোস্টেল কর্তৃপক্ষকে যুক্তি সংগত সময় পযন্ত সময় না দিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট উক্ত অভিযোগ উপস্থাপন করা যাইবে না ।

১৫.০৩.২০২২
মাহামুদুল হাসান
লাইব্রেরিয়ান
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ-৮১১০

১৬/৩/২০২২
মোঃ আব্দুল গনি মিনা
উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

১৬/৩/২০২২
মোহাম্মদ তোজাম্মেল হক
উপপরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

২২/৩/২০২২
মোঃ মাহমুদুন্নবী
যুগ্ম পরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

২২/৩/২০[illegible]
শেখ মোঃ [illegible]
অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
[illegible] কোটালীপাড়া, গো[illegible]